# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৪৬৮

২৫/ চিকিৎসা (كتاب الطب)

পরিচ্ছেদঃ ২৫/১৭. ফুসফুস আবরক ঝিল্লির প্রদাহের ঔষধ

بَاب دَوَاءِ ذَاتِ الْجَنْبِ

আরবী

حَدَّثَنَا أَبُو طَاهِرٍ، أَحْمَدُ بْنُ عَمْرِو بْنِ السَّرْحِ الْمِصْرِيُّ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ وَهْبٍ، أَنْبَأَنَا يُونُسُ، وَابْنُ، سَمْعَانَ عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُتْبَةَ، عَنْ أُمِّ قَيْسٍ بِنْتِ مِحْصَنٍ، قَالَتْ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " عَلَيْكُمْ بِالْعُودِ الْهِنْدِيِّ ـ يَعْنِي بِهِ الْكُسْتَ ـ فَإِنَّ فِيهِ سَبْعَةَ أَشْفِيَةٍ مِنْهَا ذَاتُ الْجَنْبِ " . قَالَ ابْنُ سَمْعَانَ فِي الْحَدِيثِ " فَإِنَّ فِيهِ شِفَاءً مِنْ سَبْعَةِ أَدْوَاءٍ مِنْهَا ذَاتُ الْجَنْبِ " .

বাংলা

২/৩৪৬৮। মিহসান-কন্যা উম্মু কায়েস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা অবশ্যই উদে হিন্দী (চন্দন কাঠ) ব্যবহার করবে কেননা তাতে সাতটি রোগের প্রতিষেধক রয়েছে। তন্মধ্যে একটি হলো ফুসফুস আবরক ঝিল্লির প্রদাহ। ইবনে সামআনের বর্ণনায় এভাবে আছেঃ কেননা তাতে সাতটি রোগের প্রতিষেধক আছে, যার একটি হলো ফুসফুস আবরক ঝিল্লির প্রদাহ।

## English

Umm Qais bint Mihsan said:
“The Messenger of Allah (ﷺ) said: ‘You should use Indian aloeswood for it contains seven cures, including (a cure for) pleurisy.’”

ফুটনোট

সহীহুল বুখারী ৫৬৯৩, ৫৭১৩, ৫৭১৫, ৫৭১৮, মুসলিম ২৮৭, আবু দাউদ ৩৮৭৭, আহমাদ ২৬৪৫৬, ২৬৪৬০। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ইবনু সামআন সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আবুল কাসিম বিন বিশকাওয়াল বলেন, তিনি প্রত্যাখ্যানযোগ্য। আবু হাতিম আর-রাযী

বলেন, তিনি দুর্বল। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি মিথ্যুকদের একজন। আহমাদ বিন সালিহ আল-মিসরী বলেন, তিনি মিথ্যুক। ইবনু আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩২৭৬, ১৪/৫২৬ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু ইবনু সামআন এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ৭৩ টি শাহিদ হাদিস রয়েছে, তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ বুখারী ৫৬৯৩, ৫৬৯৬, ৫৭১৩, ৫৭১৫, ৫৭১৮, মুসলিম ২২১৫, ২২১৬, আবু দাউদ ৩৮৭৭, আহমাদ ১৩৯৭৬, ১৮৮০২, ২৬৪৫৬, ২৬৪৫৯, মুসান্নাফ আবদুর রাযযাক ১৪৮৫, ১৪৮৬, মু'জামুল আওসাত ৫২৮২, ৬২৪৭, শারহুস সুন্নাজ ৩২৩৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44432

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন